

💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ সফরকারীকে বিদায়কালে দুআ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সফরকারীকে বিদায়কালে দুআ

কেউ সফর করলে পরিজনের উচিত বিদায়কালে তার উদ্দেশ্যে নিম্নের দুআ বলা,

أستودع الله دينك وأمانك وخواتيم عملك

উচ্চারণঃ-আস্তাউদিউল্লা-হা দীনাকা অআমানাতাকা অখাওয়াতীমা আমালিক।

অর্থঃ আমি তোমার দ্বীন, আমানত এবং আমলের শেষ পরিণতিকে আল্লাহর নিকট গচ্ছিত রাখছি। (মুঃ আহমাদ ২/৭, সঃ তিঃ ২/১৫৫)

زَوَّدَكَ اللهُ التَّقْوَى، وَغَفَرَ ذَنْبَكَ، ويَسَّرَ لَكَ الخَيْرَ حَيْثُمَا كُنْتَ

উচ্চারণঃ যাউওয়াদাকাল্লা-হুত তাক্ওয়া অ গাফারা যামবাকা অ য়্যাস্সারা লাকাল খাইরা হাইসু মা কুন্ত। অর্থঃ আল্লাহ তোমাকে তাকওয়ার পাথেয় দান করুন, তোমার গোনাহ মাফ করুন এবং যেখানেই থাক, তোমার জন্য কল্যাণকে সহজ করুন। (সঃ তিঃ ১৫৫)

اللهم اطوله البعد، وهوّن عليه السفر

উচ্চারণঃ-আল্লা-হুম্মাত্ববি লাহুল বু'দা অহাউবিন আলাইহিস সাফার।।

অর্থঃ হে আল্লাহ! তুমি ওর জন্য (সফরের) দূরত্বকে সঙ্গুচিত করে দাও এবং সফরকে সহজ করে দাও। (তিরমিযী)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11796

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন